

**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 29-11-2025**

**Desk in Charge : SDG**

**Time : 7-35 A.M.**

**Compiling : NBR**

**DEO : KB**

**NRT : NBR**

**Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-**

**বিশেষ বিশেষ খবর:-**

১/ সংবিধান এবং নির্বাচনী আইনের ভিত্তিতেই সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে দেশের ভোট পরিচালনা হয়ে থাকে এবং তৃণমূল কংগ্রেস সহ সব রাজনৈতিক দলকেই সেই প্রক্রিয়া মেনে চলতে হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে।

২/ রাজ্যে SIR-এর কাজে নিযুক্ত BLO সহ অন্যান্য নির্বাচন আধিকারিকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে জাতীয় নির্বাচন কমিশন, রাজ্য পুলিশের মহানির্দেশক-কে চিঠি পাঠিয়েছেন।

৩/ SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসবেন।

৪/ ভারত বাংলাদেশ সীমান্তে কাঁটাতার দেওয়ার বিষয়ে কলকাতা হাইকোর্ট রাজ্যের ভূমিকায় অসন্তোষ ব্যক্ত করেছে।

৫/ নিউ টাউনে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যা খুনের ঘটনায় গ্রেপ্তার আরো একজন।

\*\*\*\*\*

সংবিধান এবং নির্বাচনী আইনের ভিত্তিতেই সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে দেশের নির্বাচনী তালিকা প্রস্তুতি থেকে শুরু করে ভোট পরিচালনা হয়ে থাকে এবং তৃণমূল কংগ্রেস সহ সব রাজনৈতিক দলকেই, সেই প্রক্রিয়া মেনে চলতে হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। গতকাল নতুন দিল্লিতে তৃণমূল কংগ্রেসের সংসদীয় প্রতিনিধিদল, মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে দেখা করে যেসব অভিযোগ তুলেছেন, তা' ভিত্তিহীন বলে জানানো হয়েছে। একইসঙ্গে নির্বাচন কমিশন বলেছে, তৃণমূল কংগ্রেসের প্রতিটি বিষয়ে উপযুক্ত জবাব দেওয়া হয়েছে।

রাজনৈতিক বক্তব্য পেশ করা, দলগুলির অধিকার হলেও নির্বাচন প্রক্রিয়া নিয়ে ভুল তথ্য বা বিভ্রান্তি ছড়ানো কোনও ভাবেই কাম্য নয়। কমিশন তৃণমূল প্রতিনিধিদলকে সতর্ক করে জানিয়েছে, নির্বাচন সম্পর্কিত পদ্ধতি নিয়ে ভুল ব্যাখ্যা বা ভুল তথ্য প্রচার থেকে বিরত থাকতে হবে।

SIR সংক্রান্ত যাবতীয় দাবি ও আপত্তি ৯ই ডিসেম্বরের পর পেশ করতে হবে। ঐদিনই খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে। কমিশন আরও বলেছে, সেই সময় পর্যন্ত বুথ লেভেল অফিসার বা বিএলও, ইলেকশন রেজিস্ট্রেশন অফিসার ইআরও এবং ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসার ডিইও-দের নির্বিঘ্নে কাজ করতে দিতে হবে। কোনোরকম রাজনৈতিক হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না। বিএলও এবং ইআরওদের জন্য কমিশন যে বর্ধিত ভাতা অনুমোদন করেছে, তা এখনও রাজ্য সরকার না দেওয়ায়, বিস্ময় প্রকাশ করে কমিশন। অবিলম্বে এই বর্ধিত সম্মানী প্রদানের নির্দেশ'ও দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

রাজ্যে SIR-এর কাজে নিযুক্ত BLO এবং অন্যান্য নির্বাচন আধিকারিকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে ভারতের নির্বাচন কমিশন, রাজ্য পুলিশের মহানির্দেশক-কে চিঠি

পাঠিয়েছেন। এই নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের নিরাপত্তার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে গত তিনদিনের মধ্যে দ্বিতীয়বার চিঠি পাঠানো হল।

একইসঙ্গে কলকাতা পুলিশ কমিশনারকে লেখা চিঠিতে বলা হয়েছে, BLO-দের ওপর কেউ যেন চাপ সৃষ্টি করতে না পারে বা কোনো রাজনৈতিক দলের পক্ষ থেকে যেন তাদের হুমকি দেওয়া না হয়, তা সুনিশ্চিত করতে হবে। কমিশন, DEO-দের স্পষ্ট জানিয়ে দিয়েছে, সারা দেশে যেভাবে হচ্ছে, সেভাবেই বস্তি অঞ্চল, বহুতল বাড়ি এবং গেট দেওয়া আবাসিক এলাকার মধ্যে পোলিং স্টেশনের ব্যবস্থা রাখতে হবে।

সাম্প্রতিককালে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের অফিসে যেভাবে নিরাপত্তা বিঘ্নিত হয়েছিল, তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেছে নির্বাচন কমিশন। ঐ দপ্তরকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার জন্য ব্যবস্থা নিতে বলা হয়েছে। রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের নতুন অফিসেও যাতে নিশ্চিত নিরাপত্তা থাকে, সেদিকে বিশেষভাবে নজর দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, মৃত ভোটারদের নাম তালিকায় রেখে দেওয়ার জন্য নানাভাবে BLO-দের ওপর চাপ সৃষ্টি করা হচ্ছে। এব্যাপারে প্রামাণ্য নথি কমিশনের হাতে তুলে দেওয়া হবে।

( বাইট- শমীক )

\*\*\*\*\*

রাজ্যে এস আই আর প্রক্রিয়ার উপর কঠোর নজরদারির জন্য নির্বাচন কমিশন বিশেষ রোল অবজারভার নিয়োগ করেছে। প্রাক্তন আইএএস সুব্রত গুপ্তকে ওই পদে নিয়োগ করা হয়েছে। কমিশন সূত্রে খবর, রাজ্যে এস আই আর-এর তালিকা তৈরি হচ্ছে, তার প্রতিটি দফা বিশদভাবে খতিয়ে দেখার দায়িত্ব থাকছে তাঁর উপরেই।

জানা গিয়েছে, এই স্পেশাল রোল অবজারভারের সঙ্গে থাকছে আরও ১২ জন আইএএস আধিকারিকের একটি বিশেষ দল। রাজ্যে ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখা, অভিযোগ যাচাই এবং সমস্ত তথ্য পুনরায় পরীক্ষা করার কাজেই মূলত তাঁদের নিয়োগ করা হয়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ রাজ্যের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসবেন। বিকেল চারটেয় ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে আয়োজিত ওই বৈঠকে জেলা নির্বাচনী আধিকারিকদের পাশাপাশি Electoral Registration Officer বা ERO-দের যোগ দেওয়ার জন্য সব জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। এ রাজ্যের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer সুরত গুপ্ত এবং ১২ জন Electoral Roll Observer সেখানে উপস্থিত থাকবেন।

এদিকে, ওই বৈঠকের আগে আজ দুপুরে রাজ্যে চলতে থাকা SIR-এর কাজের অগ্রগতি পর্যালোচনা এবং এ সম্পর্কিত আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, এ রাজ্যের Electoral Roll Observer দের সঙ্গে বৈঠক করবেন। ওই বৈঠকে ‘স্পেশাল রোল অবজারভার’-রাও উপস্থিত থাকতে পারেন। দুপুর সাড়ে ১২ টা থেকে তিনটে পর্যন্ত কলকাতার বেঙ্গল Chamber of Commerce and Industry-তে এই বৈঠক অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

নির্বাচন কমিশন জানিয়েছে, রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় এখনও পর্যন্ত ১৫ লক্ষেরও বেশি মৃত ভোটারকে শনাক্ত করা হয়েছে। এপর্যন্ত রাজ্যে

৭ কোটি ৬৫ লক্ষ এনুমারেশন ফর্ম বিলি হয়েছে। এর মধ্যে ৬ কোটি ৪৫ লক্ষ ফর্ম ইতোমধ্যেই ডিজিটাইজ করা হয়েছে। এই প্রক্রিয়া চলাকালীন মোট ১৫ লক্ষ ৫৩ হাজার মৃত ভোটারকে শনাক্ত করা সম্ভব হয়।

মৃত, নিখোঁজ, স্থানান্তরিত এবং একাধিক জায়গায় নাম থাকা ভোটার হিসাবে চিহ্নিত করা হয়েছে মোট ২৭ লক্ষ ৭১ হাজার ভোটার। এর মধ্যে নিখোঁজ ভোটারের সংখ্যা ২ লক্ষ ৬১ হাজার। ২ লক্ষ ৮৮ হাজার ভোটারকে স্থানান্তরিত বলে নথিভুক্ত করা হয়েছে। ভোটার তালিকায় দু'জায়গায় নাম আছে, এমন ভোটারের সংখ্যা ৫৮ হাজার ১৬৪।

\*\*\*\*\*

রাজ্য সরকার আগামী পয়লা ডিসেম্বর সোমবার নবান্নে, রাজ্য লোকায়ুক্ত নির্বাচনের বৈঠক ডেকেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে এই বৈঠকে উপস্থিত থাকার জন্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকেও আমন্ত্রণ জানানো হয়েছে। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় এবং পরিষদীয় বিষয়ক দপ্তরের মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এই বৈঠকে যোগ দেবেন। ওই একই দিনে রাজ্যের মানবাধিকার কমিশন কমিশনের চেয়ারপার্সন এবং একজন সদস্য নির্বাচন করার জন্যও বৈঠক হবে।

এদিকে, চার্জশিটে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে বিধানসভায় কোনো রিপোর্ট মুখ্যমন্ত্রী জমা দেননি বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। আগামী বৈঠকে তিনি যোগ দেবেন না বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন।

( বাইট- শুভেন্দু )

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল (রবিবার), আকাশবাণীতে “মন-কি-বাত”

অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অনএ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় শোনা যাবে এর তর্জমা।

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গে ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার কাজ নিয়ে রাজ্যের ভূমিকায় অসন্তোষ ব্যক্ত করেছে কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে রাজ্য ইতিবাচক পদক্ষেপের রিপোর্ট দেওয়ার বদলে ফের বক্তব্য জানাতে সময় চায়। এর আগেও রাজ্য এই বিষয়ে বক্তব্য জানানোর সময় চেয়েছিল। কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল অশোক চক্রবর্তী আদালতে বলেন, কেন্দ্রীয় মন্ত্রিসভায় এই ব্যাপারে ছাড়পত্র পাওয়ার পর কাঁটাতার দেওয়ার জন্য জমি কিনতে টাকাও দিয়ে দেওয়া হয়েছে। কিন্তু তারপরেও রাজ্যের থেকে এই নিয়ে কোন বক্তব্য জানা যাচ্ছে না।

এর প্রেক্ষিতেই বেঞ্চ জানিয়েছে, আন্তর্জাতিক সীমান্তের কাঁটাতার দেওয়ার বিষয়টি দেশের নিরাপত্তার সঙ্গে জড়িত। এমন গুরুত্বপূর্ণ বিষয়ে বেশি সময় দেওয়া সম্ভব নয়। সংক্ষিপ্ত রিপোর্ট দেওয়ার জন্য রাজ্যকে এক সপ্তাহ সময় দেওয়া হয়েছে। আদালতের জানিয়েছে, এই সময়ে রাজ্যের রিপোর্টে যদি ইতিবাচক ইঙ্গিত না থাকে, তাহলে মামলার টানা শুনানি করা হবে।

এদিকে, হাইকোর্টে একটি মামলার কাজে এসে বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই বিষয়ে গড়িমসির জন্য রাজ্যকে দায়ী করেন।

\*\*\*\*\*

কলকাতা হাইকোর্ট, আগামী সোমবার পয়লা ডিসেম্বর বিজেপিকে শর্তসাপেক্ষে পূর্ব মেদি নীপুরের খেজুরিতে জনসভা করার অনুমতি দিয়েছে। বিচারপতি শুভ্রা ঘোষ তাঁর নির্দেশে জানিয়েছেন, সন্ধ্যা ৭.৩০ এর মধ্যে সভা শেষ করতে হবে।

এজন্য বাঁশগোড়া বাজার কমিটির থেকে লিখিত অনুমতি নিতে হবে বিজেপিকে।

জনসভাতে দুহাজারের বেশি লোক উপস্থিত থাকতে পারবে না।

যে মাঠে সভা হবে সেই মাঠ দুদিনের মধ্যে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে দিতে হবে বলেও নির্দেশ দেন বিচারপতি।

\*\*\*\*\*

পশ্চিম বর্ধমানের আসানসোলে বিজেপির দলীয় কার্যালয়ে পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর এবং আসানসোল চার সাংগঠনিক জেলার বিশেষ কার্যকরণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী তথা দলের এ রাজ্যের দায়িত্বপ্রাপ্ত ভূপেন্দর যাদব। চার সাংগঠনিক জেলা নেতৃত্ব।

বৈঠকে আসন্ন সাংগঠনিক কর্মসূচী, বুথভিত্তিক শক্তিবৃদ্ধি, জনসংযোগ বাড়ানো এবং কেন্দ্রীয় প্রকল্পের বাস্তবায়ন নিয়ে বিশদ আলোচনা হয় বলে জানা গেছে। বিধানসভা নির্বাচন তার আগে এই বৈঠক তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো বলেন, দলের সমীক্ষা এবং যোজনা দলের অভ্যন্তরীণ বিষয় নিয়ে নিয়ে আলোচনা হয়েছে। আগামী বিধানসভা নির্বাচনে তাঁর দল দুই

তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা পাবে এবং এই চারটি সাংগঠনিক জেলায় তাঁরা ১০০ শতাংশ জয়ী হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

\*\*\*\*\*

নিউটাউনের যাত্রাগাছিতে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যার খুনের ঘটনায় গতকাল গোবিন্দ সরকার নামে আরো একজন গ্রেফতার। রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের ঘনিষ্ঠ গোবিন্দ সরকারকে কোচবিহারের পুন্ডিবাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে। এই নিয়ে ওই ঘটনায় মোট পাঁচজন গ্রেফতার হলো। যদিও স্বপনের পরিবারের পক্ষ থেকে প্রশান্ত বর্মনকে গ্রেফতারের দাবী জানানো হয়েছে।

\*\*\*\*\*

মুর্শিদাবাদের বহরমপুর থানার কুমোরদহ ঘাট এলাকায় তৃণমূল কংগ্রেস নেতা খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বহরমপুর পঞ্চায়েত সমিতির সভাপতি আইজাজুদ্দিন শেখ-এর শ্যালক হায়াতুল্লা শেখ স্থানীয় অঞ্চল কমিটির সদস্য।

গত সন্ধ্যায় বাড়ির সামনে দাঁড়িয়ে থাকার সময় কয়েকজন দুষ্কৃতি তাঁকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে বলে অভিযোগ। কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরাই এই ঘটনা ঘটিয়েছে বলে দাবী করা হলেও, অভিযোগ অস্বীকার করেছে কংগ্রেস।

\*\*\*\*\*

আবহাওয়া দপ্তরে পূর্বাভাস মতো সর্বনিম্ন তাপমাত্রা বেড়েছে গতকাল থেকেই। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস যা প্রায় স্বাভাবিক। আগামী দু তিন দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।



এদিকে, সামুদ্রিক ঘূর্ণিঝড় ditwah ক্রমশ উত্তর উত্তর পশ্চিমে অগ্রসর হচ্ছে।  
আগামীকাল সকাল নাগাদ এটি দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে তামিলনাড়ু পুডুচেরি এবং  
দক্ষিণ অন্ধ্রপ্রদেশ সংলগ্ন এলাকা দিয়ে স্থলভাগে প্রবেশ করতে পারে। এর কোন  
প্রভাব এ রাজ্যে পড়ার সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*

প্রাক্তন ফুটবলার কেপ্ট মিত্র প্রয়াত। গতকাল কাঁচড়াপাড়ায় তাঁর জীবনাবসান হয়।  
বয়স হয়েছিল ৭৪ বছর। কেপ্ট মিত্র মোহনবাগান, ইস্টবেঙ্গল ছাড়া বিএনআর, এরিয়ান  
খেলেছেন।

\*\*\*\*\*